

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.(মতামত-১).১৯-৩৫

তারিখঃ ০২ মাঘ ১৪২৬
১৬ জানুয়ারি ২০২০

বিষয়: নীলফামারী জেলার ডোমার উপজেলার মটুকপুর ভোকেশনাল উচ্চ বিদ্যালয়ের সুপারিনটেনডেন্ট (ভারপ্রাপ্ত) পদে প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন বিষয়ে পরিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণের অনুরোধপত্র।

সূত্র:	(১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫২.২৭.০০১.১৮-২৫/১৭০	তারিখ: ১৭.০২.১৯ খ্রি।
	(২) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০৩.১২.১৯.৯৯	তারিখ: ১৫.০৪.১৯ খ্রি।
	(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫২.২৭.০০১.১৮-৩৬১	তারিখ: ৩০.০৫.১৯ খ্রি।
	(৪) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০৩.১২.১৯.১৮২/৫২৬	তারিখ: ১১.০৬.১৯ খ্রি।
	(৫) UNO, ডোমার, নীলফামারী এর স্মারক নং-০৫.৪৭.৭৩১৫.০০০.০৪.০৩২.১৯-৫৪২(৮)	তারিখ: ০৩.০৬.১৯ খ্রি।
	(৬) জেলা প্রশাসক, নীলফামারী এর স্মারক নং-০৫.৪৭.৭৩০০.০০১.০৪.০০৭.১৭.৩৭৮	তারিখ: ১৯.১০.১৯ খ্রি।
	(৭) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০৩.০৮.১০.১৯-৩৭৩/-১০৬১	তারিখ: ২৪.১০.১৯ খ্রি।
	(৮) জেলা প্রশাসক, নীলফামারী এর স্মারক নং-০৫.৪৭.৭৩০০.০০১.০৪.০০৭.১৯.৩৮৯	তারিখ: ৩০.১০.১৯ খ্রি।
	(৯) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০৩.০৮.২৯.১৯-৩৭৫/১০৮৫	তারিখ: ৩১.১০.১৯ খ্রি।
	(১০) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫২.২৯.০০১.১৮-৬১২	তারিখ: ১৯.১১.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্র (১) মূলে জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট পদে দায়িত্ব প্রদানের জন্য মহোদয়কে অনুরোধ হয়। তদপ্রেক্ষিতে মহোদয় কর্তৃক সূত্র (২) মূলে জনাব মো: এরফানুল ইসলাম, ট্রেড ইন্সট্রাক্টর এর শিক্ষাগত যোগ্যতা, যোগদানের তারিখ ও জন্ম তারিখে এর দিক থেকে জ্যেষ্ঠতম শিক্ষক হওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের “প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তার দায়িত্ব পালন” পরিপত্র এবং মহোদয়ের তদন্ত কমিটির প্রতিবেদন মোতাবেক ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট মনোনয়ন পূর্বক ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জানানোর জন্য সভাপতি বরাবর পত্র প্রেরণ করা হয়।

০২। পরবর্তীতে TMED কর্তৃক সূত্র (৩) মূলে জনাব মো: এরফানুল ইসলামকে ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট পদে দায়িত্ব প্রদানের আদেশ স্থগিতকরণের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হয়।

০৩। তদপ্রেক্ষিতে মহোদয় কর্তৃক সূত্র (৪) মূলে TMED এর ৩০.০৫.১৯ খ্রি. তারিখের এবং শিক্ষা মন্ত্রণালয়ের ০৬.০৬.১৯ খ্রি. তারিখের শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬ মূলে “প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন” পরিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের সভাপতিকে নির্দেশনা দেয়া হয়।

০৪। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে সভাপতি কর্তৃক সূত্র (৫) মূলে জনাব মো: এরফানুল ইসলাম ট্রেড ইন্সট্রাক্টর সার্বিক বিবেচনায় জ্যেষ্ঠতম শিক্ষক হওয়ায় বর্ণিত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট পদের দায়িত্ব প্রদান করা হয়। একই পত্রে ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট পদের যাবতীয় দায়িত্ব জনাব মো: এরফানুল ইসলাম এর নিকট অর্পণ করার জন্য জনাব মো: আব্দুল মান্নানকে অনুরোধ করা হয়।

০৫। আরো উল্লেখ্য যে, জেলা প্রশাসক, নীলফামারী কর্তৃক সূত্র (৬) মূলে মটুকপুর ভোকেশনাল উচ্চ বিদ্যালয়, ডোমার, নীলফামারী প্রতিষ্ঠান পরিচালনার জন্য এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের মহোদয়কে অনুরোধ করা হলে মহোদয় কর্তৃক সূত্র (৭) মূলে এডহক কমিটির প্রস্তাব প্রেরণের জন্য জেলা প্রশাসক, নীলফামারীকে অনুরোধ করা হয়।

০৬। তদপ্রেক্ষিতে জেলা প্রশাসক, নীলফামারী কর্তৃক সূত্র (৮) মূলে এডহক কমিটির প্রস্তাব প্রেরণ করলে মহোদয় কর্তৃক সূত্র (৯) মূলে বিশেষ বিবেচনায় এডহক কমিটি প্রদান করা হয়।

০৭। মটুকপুর ভোকেশনাল উচ্চ বিদ্যালয়, ডোমার, নীলফামারীর ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট পদের দায়িত্ব প্রদান ও শিক্ষক কর্মচারীগণের বেতন ভাতাদি প্রদান সংক্রান্ত জটিলতা নিরসনের বিষয়ে জেলা প্রশাসক, নীলফামারী কর্তৃক গত ১৫.১০.১৯ তারিখের ৩৭৩ সংখ্যক পত্রমূলে TMED কে অনুরোধ করা হলে TMED কর্তৃক সূত্র (১০) মূলে বিধি মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য মহোদয়কে অনুরোধ করা হলে দীর্ঘ ৬০ দিন অতিক্রান্ত হওয়া সত্ত্বেও মহোদয় কর্তৃক সর্বশেষ গৃহীত ব্যবস্থার তথ্যাদি TMED তে পাওয়া যায়নি।

০৮। এমতাবস্থায়, মটুকপুর ভোকেশনাল উচ্চ বিদ্যালয়, ডোমার, নীলফামারীর ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট পদের দায়িত্ব প্রদান ও শিক্ষক কর্মচারীগণের বেতন ভাতাদি প্রদান সংক্রান্ত জটিলতা নিরসনের বিষয়ে TMED কর্তৃক সূত্র (১০) মূলে প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ৩০.০১.২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭

চেয়ারম্যান

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপসচিব (কারিগরি-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাস্টার কপি/অফিস কপি।